

প্রথম পাতা

তারিখ ... 21 AUG 2008 ...
পৃষ্ঠা 6 কলাম 5

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগস্টের ঘটনার প্রতিবাদে মিছিল-সমাবেশ গাড়ি পৌড়ানোর মামলা প্রত্যাহারের দাবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

গত বছরের ২৪ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলা দেবাকে কেন্দ্র করে সেনাবাহিনীর সদস্যদের হাতে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র প্রহৃত হওয়ার ঘটনার এক বছর পূর্তি হলো গতকাল বুধবার। গতকাল বিভিন্ন কর্তৃপক্ষগুলোর মাধ্যমে শিক্ষাবীরা মরণ করেছেন পেন্ডনের সেই ঘটনা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সক্রিয় সব ছাত্র সংগঠন গতকাল বিকেলে মিছিল ও সমাবেশ করেছে। কেউ করেছে মোমবাতি জ্বালিয়ে আলোর মিছিল আবার কেউ অংশ নিয়েছে করছাপ চিত্রাঙ্কনে। তবে সব্যর দাবি ছিল একটাই— এই ঘটনার দায়ের করা ৫১ নম্বর মামলা প্রত্যাহার। ওই মামলার আশামি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাত ছাত্র।

এই সাত ছাত্র দু'দলটি প্রত্যাহারের দাবি জানিয়ে গতকাল দুপুরে মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলন করেন। তারা শেখরাগের গাড়ি পৌড়ানো ৫১(৯) নম্বর মামলায় অতিবৃক্ত। সংবাদ সম্মেলনে তারা বলেন, পেন্ডিন একটি ফুর্ক পরিষ্কৃতিতে তারা সাধারণ ছাত্রদের সঙ্গে একাধ হুয়েছিলেন।

ছাত্রলীগ: ছাত্রলীগের নেতা-কর্মীরা গতকাল দুপুরে মধুর ক্যান্টিন থেকে একটি মৌন মিছিল বের করে কলাভবন প্রদক্ষিণ করেন। এরপর কলাভবনের মূল ফটকে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রলীগের নেতারা মামলা প্রত্যাহারের দাবি জানিয়ে বলেন, গত বছর আগস্টের ছাত্র বিকোলের ঘটনার বিপর্যি সরকার এখনো জিইয়ে রেখেছে। এটা প্রমাণ করে যে সরকার প্রতিশোধপরায়ণ।

ছাত্রদল: ছাত্রদলের নেতা-কর্মীরা গতকাল দুপুরে মামলা থেকে সাত ছাত্রকে অব্যাহতি দেওয়ার দাবিতে মিছিল-সমাবেশ করেন। মিছিল নিয়ে তারা কলাভবন প্রদক্ষিণ করে অপরাজয় বাংলায় পাদদেশে সমাবেশ করেন। সমাবেশে ছাত্রদলের নেতারা অবিলম্বে ৫১ নম্বর মামলা প্রত্যাহার, নির্ঘাতন বন্ধ, ওই ঘটনায় আহতদের চিকিৎসা সহায়তা দেওয়া এবং দেশে জরুরি অবস্থা প্রত্যাহার করার দাবি জানান।

ছাত্র ইউনিয়ন: দাবলদারমুক্ত ক্যাম্পাসের দাবিতে মিছিল করে ছাত্র ইউনিয়ন। গতকাল ডাকসু ভবনের দেয়ালে একটি প্রতিবাদী করছাপ চিত্রাঙ্কন কর্তৃপ্তি পামন করে তারা। এ কর্তৃপ্তির মাধ্যমে সাধারণ শিক্ষাবীরা বালভিতে তারা রংয়ের মধ্যে নিজেদের হাত ডুবিয়ে ডাকসু ভবনের সামনের দেয়ালে করছাপ দিয়ে দেন।

ছাত্রমৈত্রী: ছাত্রমৈত্রীর নেতা-কর্মীরা গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের ছোপার্জিত বাধীনতা জাঙ্কর্যের সামনে থেকে মোমবাতি হাতে নিয়ে আলোর মিছিল বের করেন। মিছিলটি শেষ হয় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে, যেখানে গত বছরের এই দিনে সংঘর্ষের স্মরণপাত।

ছাত্র ফেডারেশন: দুপুরে ছাত্র ফেডারেশন ক্যাম্পাসকে মুক্তাঙ্কল মোষণা করার দাবিতে মিছিল করে। মিছিল শেষে তারা কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে সমাবেশ করে।

ছাত্রফ্রন্ট: ছাত্রফ্রন্টের উদ্যোগে গতকাল ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করা হয়।